কাছাড়ের জেলা আয়ুক্তের কার্য্যলয়ে রাজস্ব শেরাস্তাদার পদে নিযুক্তির জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে স্ট্যান্ডার্ড ফর্মে আবেদন আহ্বান করা হয়েছে । প্রার্থীকে আসামের যেকোন জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জেলার প্রশাসনিক প্রতিষ্ঠানে এই কাজে ১৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে । আগামী ১৫ দিনের মধ্যে ইচ্ছুক প্রার্থীদের আবেদন করতে হবে । বিশদ বিবরণ জেলা আয়ুক্তের কার্যালয়ে পাওয়া যাবে ।

---

করিমগঞ্জ জেলায় এইচ আই ভি, এইডস সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে আসাম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির অর্ন্তগত দিশা ক্লাস্টারের পক্ষ থেকে জেলার বিভিন্ন নেশা মুক্তি কেন্দ্রগুলিতে সচেতনতা ও স্ক্রিনিং শিবির অনুষ্ঠিত হচ্ছে । শিবিরগুলিতে জনসাধারণকে এইচ আই ভি সম্পর্কে সচেতন করার পাশাপাশি এই রোগের বিস্তার প্রতিরোধে অগ্রিম রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদানের ব্যবস্থা করা হচ্ছে । আগামী ২৭শে জুলাই পর্য্যন্ত এধরনের শিবির চলবে । উল্লেখ্য এইচ আই ভি রোগ সম্পর্কে একটি সুস্থ ও সচেতন সমাজ গড়ে তোলাই এই অভিযানের লক্ষ্য বলে জানানো হয়েছে ।

---

দিব্যাঙ্গ সবলীকরণ বিভাগ দিব্যাঙ্গদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে যাওয়া সংস্থা গুলিকে জাতীয় পুরষ্কারের আবেদন প্রক্রিয়ায় অংশ গ্রহণ করার আহ্বান জানিয়েছে । সামাজিক ন্যায় বিভাগ দিব্যাঙ্গদের সক্ষম করে তুলতে যে সব সংস্থা ক্রমাগত কাজ করে চলেছে তাদের উৎসাহিত করে সামাজিক পরিচয় প্রদানের উদ্দেশ্যে এই পুরষ্কার প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে বলে জানিয়েছে । প্রতি বছর তেসরা ডিসেম্বর আর্ন্তজাতিক বিকলাঙ্গ দিবস উপলক্ষে দিব্যাঙ্গদের উন্নয়নের জন্য কাজ করা ব্যাক্তি , সংস্থা , সংগঠন , রাজ্য এবং জেলা স্তরে এই পুরষ্কার প্রদান করা হয় । উল্লেখ্য যে ২০২৪ সালার জাতীয় এই পুরষ্কারের জন্য অন-লাইন আবেদন প্রক্রিয়া চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত খোলা থাকবে ।

---

---